গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন
ই-২৪, আগারগাঁও, ঢাকা- ১২০৭
www.bmd.gov.bd

নম্বর-২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৩৩.০৪.

তারিখ: কার্তিক ১৪৩০ / নভেম্বর ২০২৩

# অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ জুলহাস উদ্দিন, উচ্চ পর্যবেক্ষক, কৃষি আবহাওয়া পর্যবেক্ষণাগার, জয়দেবপুর, গাজীপুর কার্যালয়ে ০৫-০১-২০২০ তারিখ যোগদানের পর থেকে কর্মস্থলে অনিয়মিতভাবে আসা-যাওয়াসহ ১১-০৭-২০২০ থেকে ২২-০৭-২০২০ তারিখ পর্যন্ত ১২(বার) দিন, ২৪-০৭-২০২০ হতে ১৯-০৮-২০২০ তারিখ পর্যন্ত ২৬(ছাব্বিশ) দিন, ০৫-১১-২০২০ হতে ২৮-১১-২০২০ তারিখ পর্যন্ত ২৪(চব্বিশ) দিন ও ৩০-১১-২০২০ হতে ১১-০১-২০২১ তারিখ পর্যন্ত ১(এক) মাস ১২(বারো) দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং উক্ত অনুপস্থিতকালে হাজিরা খাতায় লম্বা দাগ টেনে রাখা হলেও উক্ত দাগের ওপর কাউকে কিছু না জানিয়ে স্বাক্ষর করায়, পুনরায় ০৮-০৩-২০২২ হতে ১৭-০৫-২০২২ তারিখ পর্যন্ত ২(দুই) মাস ১০(দশ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে ১৮-০৫-২০২২ তারিখ উপস্থিত হলেও ১০-০৫-২০২২ তারিখ পর্যন্ত ডাক্তারী ফিটনেস সনদ সহকারে পূর্বের তারিখে (১১-০৫-২০২২) উপস্থিতি দেখিয়ে কর্মস্থলে যোগদানপত্র দাখিল করায়, ২৬ ডিসেম্বর ২০২২ তারিখ ব্যক্তিগত ফেইসবুক আইডি থেকে উদ্দেশ্য প্রণোদিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯"-এর ৬.২(ক), (গ), ৭(ঘ) এবং ১০(ঙ), (ছ) ও (ঝ) এর লঙ্ঘন করে জাতীয় ও আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান সংস্থা প্রধানের বিরুদ্ধে বিরূপ বক্তব্য পোস্ট করায় এবং ১৮-০৪-২০০৪ তারিখে সরকারি চাকরিতে যোগদানের পর হতে বিভিন্ন কার্যালয়ে কর্মরত থাকাকালীন উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনগত আদেশ/নির্দেশ অমান্য করা, অনিয়মিতভাবে অফিসে আসা-যাওয়া, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকাসহ অননুমোদিতভাবে ছুটি ভোগ এবং উক্ত ছুটি ভোগ শেষে ''আমার এই অনিয়মতান্ত্রিক কার্যকলাপের জন্য আমি আন্তরিকভাবে দুঃখিত এবং বিশেষভাবে ক্ষমাপ্রার্থী, ভবিষ্যতে যাহাতে অনুরূপ ঘটনার পুনরাবৃত্তি না ঘাটে সে ব্যাপারে আমি পূর্ণ সচেষ্ট থাকিব, পরবর্তীতে এ ধরনের ভুল করিব না'' মর্মে অঙ্গীকার করেন। বারবার অঙ্গীকার এবং মুচলেকা দেয়ার পরও তা লঙ্ঘন করে একই কার্যে লিপ্ত থাকায় এবং বিভিন্ন অনিয়মের অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct) এর অভিযোগে রুজুকৃত ৫/২০২২ নম্বর বিভাগীয় মামলায় ২৩ নভেম্বর ২০২২ তারিখের ৭৩২০ স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং ২২ জানুয়ারি ২০২৩ তারিখের ১০০৩ নম্বর স্মারক মূলে অতিরিক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ জুলহাস উদ্দিন ১৮ ডিসেম্বর ২০২২ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অতিরিক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আগ্রহ প্রকাশ করলে ২৮ মার্চ ২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং শুনানিতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোসমূহ ২৬ এপ্রিল ২০২৩ তারিখের ২৯০৯ নম্বর স্মারকের মাধ্যমে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ০১ আগস্ট ২০২৩ তারিখে ৬০০৬ নম্বর স্মারকে জনাব মোঃ জুলহাস উদ্দিন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাটি পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি মোতাবেক অভিযুক্ত কর্মচারীকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং নোটিশে কেন তাঁকে চাকরি হতে 'অপসারণ' (Terminate) বা বিধিমালায় বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

৪। যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ জুলহাস উদ্দিন ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; জবাবে তিনি তাঁর বিরুদ্ধে আনীত এবং তদন্তে প্রমাণিত অভিযোগের বিপরীতে কোনো সন্তোষজনক বক্তব্য প্রদান করতে সক্ষম হননি; দাখিলকৃত জবাব ও তদন্ত প্রতিবেদন, নথি-পত্রসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

৫। সেহেতু, জনাব মোঃ জুলহাস উদ্দিন, উচ্চ পর্যবেক্ষক, কৃষি আবহাওয়া পর্যবেক্ষণাগার, জয়দেবপুর, গাজীপুর-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(গ) বিধিমতে গুরুদণ্ড হিসেবে 'চাকরি হতে অপসারণ' (Terminate) করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(মোঃ আজিজুর রহমান)
পরিচালক
ফোন: ৪১০২৫৭০৫

নম্বর-২৩.০৯.০০০০.১২৭.৩৫.০৩৩.০৪. ৮৩০২

তারিখ: ১৮ কার্তিক ১৪৩০ / ০২ নভেম্বর ২০২৩

**অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা- ১০০০।
২। উপপরিচালক, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা।
৩। জনাব এস.এম. কামরুল হাসান, আবহাওয়াবিদ, ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কৃষি আবহাওয়া পর্যবেক্ষণাগার, জয়দেবপুর, গাজীপুর।
৫। ক্যাশ/বাজেট/পেনশন/সাধারণ প্রশাসন/নিরাপত্তা/কেন্দ্রীয় স্টোর, আবহাওয়া সদর দপ্তর, ঢাকা
৬। ডি এস মহাশাখা, সদর দপ্তর, ঢাকা।
৭। **বর্তমান কর্মস্থল:** জনাব মোঃ জুলহাস উদ্দিন, উচ্চ পর্যবেক্ষক, কৃষি আবহাওয়া পর্যবেক্ষণাগার, জয়দেবপুর, গাজীপুর। ই-মেইল: julhasnoyon@gmail.com
৮। **স্থায়ী ঠিকানা:** জনাব মোঃ জুলহাস উদ্দিন, উচ্চ পর্যবেক্ষক, পিতা- মোঃ সাহাব উদ্দিন, গ্রাম ও পোঃ- বাহিরচর ষোলদাগ, উপজেলা- ভেড়ামারা, জেলা- কুষ্টিয়া।

(মোঃ আজিজুর রহমান)
পরিচালক